**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 08-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

Headlines :

**(১)** স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, সীমান্ত সুরক্ষা বাহিনী সাহস, বীরত্ব এবং ত্যাগের শক্তিতে ছয় দশক ধরে দেশের সীমান্ত সুরক্ষার প্রথম সারিকে শক্তিশালী করতে কাজ করে চলেছে।

**(২)** আগামী ১৯ থেকে ২৪ ডিসেম্বর পর্যন্ত দেশের সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে 'গ্রামমুখী প্রশাসন' অর্থাৎ 'প্রশাসন গাঁও কি ঔর প্রচারাভিযান চলবে।

**(৩)** তেলিয়ামুড়ার চিত্রাঙ্গদা কলাক্ষেত্রে আজ থেকে শুরু হয়েছে ২ দিনব্যাপী রাজ্যভিত্তিক ধামাইল উৎসব ও মেলা।

**(৪)** থাইল্যান্ডে অনুষ্ঠিত এশিয়ান স্কুল দাবা প্রতিযোগিতায় রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু আরাধ্যা দাস একটি স্বর্ণ সহ দুটি পদক লাভ করেছে।

*******************************

**Amit Shah:**

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, সীমান্ত সুরক্ষা বাহিনী সাহস, বীরত্ব এবং ত্যাগের শক্তিতে ছয় দশক ধরে দেশের সীমান্ত সুরক্ষার প্রথম সারিকে শক্তিশালী করতে কাজ করে চলেছে। আজ যোধপুরে বিএসএফ-এর ৬০ তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে তিনি একথা বলেন। শ্রী শাহ বলেন, ১৯৬৫ সাল থেকে বিএসএফ পূর্ব ও পশ্চিম সীমান্ত সুরক্ষিত করার জন্য

অসাধারণ কাজ করেছে। সীমান্ত নিরাপত্তার পাশাপাশি বিএসএফ, অনুপ্রবেশ, জাল নোট, বামপন্থী চরমপন্থাদের প্রতিরোধ সহ বিভিন্ন ক্ষেত্রে কাজ করছে।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশের নিরাপত্তা প্রেক্ষাপটে বড় ধরনের পরিবর্তন এসেছে। ভারত সরকার সীমান্তে পরিকাঠামো মজবুত করার জন্য বিশেষ নজর দিয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন..............

######BYTE######

********************

**State level Wongala festivels concluded:**

আজ রাতে শেষ হচ্ছে দুইদিন ব্যাপি রাজ্য ভিত্তিক ওয়াংগালা উৎসব l  অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গতকাল রাতে মাতাবাড়ি ব্লকের  নাতিনটিলাতে ১৯তম রাজ্যভিত্তিক ওয়াংগালা উৎসবের সূচনা করেন। তিনি বলেন, ওয়াংগালা উৎসব গারো সম্প্রদায়ের ঐতিহ্যবাহী প্রধান উৎসব। এই উৎসবের মধ্যদিয়ে জাতি জনজাতি অংশের মানুষের মিলন ঘটে। অর্থমন্ত্রী আরও বলেন, রাজ্যের জনজাতি সম্প্রদায়ের মানুষের কৃষ্টি ও সংস্কৃতি রক্ষায় রাজ্য সরকার উদ্যোগ নিয়েছে। ওয়ানগালা উৎসবের মাধ্যমে গারো সম্প্রদায়ের মানুষেরা তাদের কুল দেবতার পূজা করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, গারো সম্প্রদায়ের কৃষ্টি ও সংস্কৃতি এই উৎসবের মাধ্যমে তুলে ধরা হয়। রাজ্য সরকার গারো সম্প্রদায়ের কৃষ্টি ও সংস্কৃতিসহ জনজাতিদের কৃষ্টি ও সংস্কৃতির চর্চা এবং রক্ষায় বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক অভিষেক দেবরায়, জিতেন্দ্র মজুমদার। উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শিল্পীরানী দাস। স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা গারো ইউনিয়নের সাধারণ সম্পাদক পিন্টু চন্দ্র

ঘাগড়া এবং পৌরহিত্য করেন ত্রিপুরা গারো ইউনিয়নের সভাপতি সুভাষ মারাক। উৎসবে ৯ টি প্রদর্শনী স্টল খোলা হয়। রাজ্যভিত্তিক ওয়ানগালা উৎসবে রাজ্য ও বহি:রাজ্যের শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন।

*********************

**Solar Operated COLD STORAGE:**

সামাজিক সংস্থা অর্কনীড়ের উদ্যোগে কমলাসাগর বিধানসভা কেন্দ্রের অধীন সেকেরকোটের উত্তম ভক্ত চৌমুহনীতে আজ উত্তর পূর্বাঞ্চলের মধ্যে প্রথম সৌরশক্তি চালিত পরিবেশ বান্ধব হিমঘর উদ্বোধন করা হয়। উদ্বোধন করেন অর্কনীড়ের সভাপতি তথা বিশিষ্ট বিজ্ঞানী শান্তিপদ গন চৌধুরী। ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের অর্থানুকূল্যে গড়ে উঠেছে এই হিমঘরটি। ৫ মেট্রিকটন ক্ষমতা সম্পন্ন এই হিমঘরে ২০ জন কৃষক আলু, ফুলকপি, বাঁধাকপি, টমেটো সহ তাদের উৎপাদিত বিভিন্ন পচনশীল সবজী খুব কম খরচে সংরক্ষণ করতে পারবেন।

*********************

**Ramprasad Paul:**

সূর্যমনিনগর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কাঠালতলী স্কুল ময়দানে যুব মোর্চার উদ্যোগে এক যুব সমাবেশের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল। তিনি বলেন, দেশ এবং রাজ্য গঠনে যুব সমাজের অনন্য ভূমিকা রয়েছে। তাই মানুষের পাশে থেকে মানুষের জন্য কাজ করার লক্ষ্যে যুবসমাজের কাছে আহ্বান জানান উপাধ্যক্ষ শ্রী পাল।

*********************

**CPI(M):**

সিপিআই(এম) খোয়াই মহকুমা কমিটির দুইদিন ব্যাপী ২৪ তম সম্মেলন আজ শেষ হয়েছে। শেষ দিনে সম্মেলনে বক্তব্য রাখেন সিপিএম রাজ্য কমিটির সম্পাদক তথা বিরোধী দলনেতা জিতেন্দ্র

চৌধুরী। এই সম্মেলনে ৩১ জনকে নিয়ে নতুন মহকুমা কমিটি গঠন করা হয়। খোয়াই মহকুমা কমিটির সম্পাদকের দায়িত্ব পেয়েছেন  বিধায়ক নির্মল বিশ্বাস।

*********************

**Prashasan Gaon Ki Ore:**

আগামী ১৯ থেকে ২৪ ডিসেম্বর পর্যন্ত দেশের সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে জন-অভিযোগ নিষ্পত্তি এবং পরিষেবা সরবরাহের উন্নতির জন্য দেশব্যাপী অনুষ্ঠিত হবে 'গ্রামমুখী প্রশাসন' অর্থাৎ 'প্রশাসন গাঁও কি ঔর প্রচারাভিযান।

এই অভিযানে ৭০০ এর অধিক জেলা শাসক অংশ নেবেন এবং আধিকারিকরা তহশিল ও পঞ্চায়েত সমিতির প্রধান কার্যালয় পরিদর্শন করবেন। জন-অভিযোগ নিস্পত্তি ও পরিষেবা প্রদানের উন্নতির জন্য ভারত সরকার এই নিয়ে তৃতীয়বার তহশিল পর্যায়ে এ ধরনের অভিযান করবে।  'প্রশাসন গাঁও কি ঔর" অভিযান সুশাসনের জন্য একটি জাতীয় আন্দোলন তৈরি করবে যা ভবিষ্যৎ প্রজন্মকে অনুপ্রাণিত করবে।

সুশাসন সপ্তাহ ২০২৪ এর প্রস্তুতিমূলক পর্বটি আগামী ১১ ডিসেম্বর থেকে শুরু হবে চলবে ১৮ ডিসেম্বর পর্যন্ত। সুশাসন সপ্তাহ ২০২৪-এর কর্মসূচির সূচনা করতে একটি পোর্টালও আগামী ১১ ডিসেম্বর উদ্বোধন করা হবে। এই পোর্টালে জেলা শাসকরা প্রস্তুতিমূলক এবং বাস্তবায়নের পর্যায়ে তাদের সুশাসন অনুশীলন এবং ভিডিও ক্লিপ সহ কাজের অগ্রগতির খতিয়ান আপলোড করবেন।

আগামী ২৩শে ডিসেম্বর জেলা শাসকের পৌরহিত্যে প্রতিটি জেলায় জেলা পর্যায়ের নতুন উদ্ভাবন নিয়ে কর্মশালা অনুষ্ঠিত হবে। কর্মশালায় সরকারি প্রতিষ্ঠানসমূহে ডিজিটাল রূপান্তর এবং নাগরিকদের ডিজিটাল ক্ষমতায়নের লক্ষ্যে নয়া উদ্ভাবনার ওপর জোর দেওয়া হবে।

*********************

**Dhamail festival:**

তেলিয়ামুড়ার চিত্রাঙ্গদা কলাক্ষেত্রে আজ থেকে শুরু হয়েছে ২ দিনব্যাপী রাজ্যভিত্তিক ধামাইল উৎসব ও মেলা। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং খোয়াই জিলা পরিষদ, পূর্ত ও গ্রামোন্নয়ন দপ্তরের সহযোগিতায় আয়োজিত এই উৎসব ও মেলার উদ্বোধন করেন বিধানসভার সরকারি মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়। তিনি বলেন, রাজ্য সরকার বিভিন্ন জাতি গোষ্ঠীর কৃষ্টি ও সংস্কৃতির বিকাশে পদক্ষেপ নিয়েছে। তাছাড়াও লুপ্তপ্রায় সংস্কৃতির পুনরুদ্ধারেও সরকার উদ্যোগ নিয়েছে। তিনি বলেন, ধামাইল নৃত্যের একটা পরম্পরা রয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে পৌরহিত্য করেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথ শর্মা। স্বাগত ভাষণ দেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী ও রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী। উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূধন রায়, খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন প্রমুখ। রাজ্যভিত্তিক ধামাইল উৎসবে রাজ্যের বিভিন্ন জেলার ৫০টি দল অংশ নিয়েছে। তাছাড়াও উৎসব ও মেলা উপলক্ষে বসে আঁকো প্রতিযোগিতা ও কবি সম্মেলন অনুষ্ঠিত হয়। ধামাইল উৎসব ও মেলা উপলক্ষে চিত্রাঙ্গদা কলাক্ষেত্রের প্রাঙ্গণে বিভিন্ন স্বসহায়ক দলের ৫০টি স্টল খোলা হয়েছে।

*********************

**Aloha-Govornor:**

রাজ্যপাল  ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু আজ আগরতলার শিশু বিহার স্কুলে আলোহা-র রাজ্যভিত্তিক ১২ তম পুরস্কার বিতরণী অনুষ্ঠানের

উদ্বোধন করেন । উদ্বোধনী ভাষণে রাজ্যপাল বলেন গনিত মানুষের জীবনে সব থেকে বেশি গুরুত্ব পূর্ণ বিষয়। আলোহার গণিত প্রতিযোগিতার এই উদ্যোগের তিনি প্রশংসা করেন। তিনি বলেন, এই প্রতিযোগিতার মাধ্যমে ছেলেমেয়েদের সত্যিকারের মেধার বিকাশ হবে।

*********************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল রাজস্থান ও হরিয়ানা সফরে যাবেন। রাজস্থান সফরের সময়, প্রধানমন্ত্রী মোদী জয়পুর প্রদর্শনী ও কনভেনশন সেন্টারে রাইজিং রাজস্থান গ্লোবাল সামিট 2024 এর উদ্বোধন করবেন। বিকেলে প্রধানমন্ত্রী পানিপথে বীমা সখী যোজনার সূচনা করবেন।

*********************

**NCC Camp:**

১৩ নং ত্রিপুরা এনসিসি ব্যাটেলিয়ানের উদ্যোগে দশ দিনব্যাপী বার্ষিক শিবির আজ আগরতলার ভগৎ সিং যুব আবাসে শেষ হয়েছে। এই শিবিরে সারা রাজ্যের বিভিন্ন স্কুল কলেজ থেকে প্রায় ৪০০ ক্যাডেট অংশগ্রহণ করে। সমাজে একজন ভালো মানুষ হবার জন্যে কি কি করণীয় এবং বিপর্যয় মোকাবিলার বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়।

*********************

**Blood Donation-Udaipur:**

উদয়পুর ভাঙ্গারপাড় চৌমুহনী স্থিত আস্থা সামাজিক সংস্থা উদ্যোগে আজ এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। শিবিরে উপস্থিত ছিলেন গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতলচন্দ্র মজুমদার প্রমুখ। রক্তদান শিবিরে

৩০ জন রক্তদাতা স্বেচ্ছায়  রক্ত দান করেন। এই অনুষ্ঠানে এলাকার কচিকাঁচা ছাত্রছাত্রীদের শিক্ষা সামগ্রী তুলে দেন উপস্থিত অতিথিগন ।

*********************

**Health camp:**

হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার উদ্যোগে আজ আগরতলা ভোলাগিরি আশ্রমে এক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। স্বাস্থ্য শিবিরে উপস্থিত ছিলেন ফাউন্ডেশন এর সভাপতি ডা: এন এল ভৌমিক, সাংগঠনিক সম্পাদক তিমির চক্রবর্তী। স্বাস্থ্য শিবিরে ৮০ জন রোগীর স্বাস্থ্য পরীক্ষা পর বিনামূল্যে ওষুধ দেওয়া হয়।

*********************

**Chess-Gold Medal:**

থাইল্যান্ডে অনুষ্ঠিত এশিয়ান স্কুল দাবা প্রতিযোগিতায় রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু আরাধ্যা দাস একটি স্বর্ণ সহ দুটি পদক জয় করেছে। মোট ৯ রাউন্ডের লড়াইয়ে আরাধ্যা ৭ পয়েন্ট স্কোর করে। ফলে দলগত বিভাগে ভারতীয় দলের সদস্যা হিসেবে আরাধ্যা স্বর্ণ পদক পায়। তাছাড়া ব্যাক্তিগত বিভাগে ব্রোঞ্জ পদক দখল করে।

*********************

**Coochbehar Trophy:**

কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় ত্রিপুরা ৩৫৮ রানের বিশাল ব্যবধানে মণিপুরকে পরাজিত করেছে। গুজরাটে অনুষ্ঠিত খেলার তৃতীয় দিনে আজ মণিপুর ৩ উইকেটে ৫৫ রান থেকে খেলতে নেমে সবকটি উইকেট হারিয়ে দ্বিতীয় ইনিংসে ১১২ রান সংগ্রহ করতে সক্ষম হয়। এরআগে রাজ্যদল দুই ইনিংসে ২৫৪ ও ৩০৫ রান করে। মণিপুর প্রথম ইনিংসে করে ৮৯ রান।

*********************

**Bijoy Marchant Torphy:**

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় ত্রিপুরার বিরুদ্ধে বিহার লিড নিয়ে ড্র করেছে। কটকে অনুষ্ঠিত তৃতীয় তথা শেষ দিনে আজ বিহার ৮ উইকেটে ২২১ রান থেকে ব্যাট করতে নেমে প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২২৯ রান করে। ৩৬ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে রাজ্যদল ১১৪ রানে সবাই আউট হয়ে যায়। জয়ের জন্য ৭৯ রানের লক্ষ্যে নেমে বিহার দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ২ উইকেট হারিয়ে ১৪ রান করে। এর আগে রাজ্যদল প্রথম ইনিংসে ১৯৩ রান করেছিল।

*********************

*********************